

## উদ্ভিদ নমুনা ধার দেয়া সংক্রান্ত নীতিমালা

প্লান্ট ট্যাক্সোনমিক্যাল, এনাটমিক্যাল, প্যালিনোলজিক্যাল, ইকোলজিক্যাল, বায়োক্যামিক্যাল অথবা সাইটোলজিক্যাল গবেষণারত যে কোন ছাত্র-ছাত্রী/গবেষকগণের পর্যবেক্ষনের জন্য আবেদনের প্রেক্ষিতে কেবলমাত্র প্রতিষ্ঠানকে (ব্যক্তিকে নয়) উদ্ভিদ নমুনা ধার দেয়া হয়। সাধারণত: উদ্ভিদ নমুনা ধার দেয়া বা না দেয়ার এখতিয়ার হারবেরিয়াম কিউরেটরের এবং তিনিই প্রক্রিয়াটি মনিটর করে থাকেন। তবে একশত এর অধিক শীট ধার নেয়ার ক্ষেত্রে হারবেরিয়াম পরিচালকের অনুমোদনের প্রয়োজন হয়। ধারের মেয়াদ বৃদ্ধি করতে হলে ধার শোধের নির্ধারিত সময়সীমার পূর্বেই কিউরেটরের নিকট লিখিত আবেদন করতে হয়। ধার দেয়া নমুনা যে কোন সময়ে ফেরত নেয়ার অধিকার হারবেরিয়াম সংরক্ষণ করে।

ন্যাশনাল হারবেরিয়ামের উদ্ভিদ নমুনা গবেষণা/শিক্ষা ব্যতিত অন্য কোন প্রকার বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। এখানে বাণিজ্যিকরণ বলতে বর্ণিত কার্যক্রমকে বুঝাবে: বিক্রি, প্যাটেন্ট এর জন্য আবেদন, বিক্রি অনুমতিপত্র অথবা অন্য কোন উপায়ে মেধাসত্ত্ব অধিকার অর্জন অথবা হস্তান্তর অথবা অন্য কোন দৃশ্যমান বা অদৃশ্য অধিকার অর্জন, বাজার গবেষণা পরিচালনায় অথবা বাজারজাতকরণের পূর্বানুমতি, অথবা কোন পণ্যের মান উন্নয়ন ইত্যাদি।

হারবেরিয়াম শীট সমতল স্থানে রাখা এবং নমুনার উপর কোন ধরনের ভারী জিনিস না রাখা উচিত। হারবেরিয়াম শীট উল্টো করে না রাখা, বাঁকানো কিংবা ভাঁজ না করা উত্তম। হারবেরিয়াম শীটগুলো শুকনো এবং বন্ধ কেবিনেটে রাখা যাতে পোকামাকড় এবং ছত্রাকের আক্রমণ না ঘটে; খোলা স্থানে দীর্ঘদিন শীটগুলি ফেলে রাখা ঠিক নয়।

কেবলমাত্র পরিচালক/কিউরেটরের অনুমোদন সাপেক্ষে হারবেরিয়াম শীট হতে ফুল/ফল/পাতা অথবা এর অংশ বিশেষ অপসারণ অথবা ব্যবচ্ছেদ করা যাবে। ব্যবচ্ছেদকৃত অংশ পুনরায় হারবেরিয়াম শীটের সাথে সংরক্ষিত ক্যাপসুলে (পকেটে) সংরক্ষণ করতে হবে। স্থায়ীভাবে হারবেরিয়াম শীটের কোন অংশ অপসারণ করা যাবে না। ধার নেয়া নমুনার ডিএনএ আহরণ সম্পূর্ণ নিষিদ্ধ। যদি ধারকৃত হারবেরিয়াম শীটের কোন ছবি তোলা হয় তাহলে একটি ছোট লেবেলে সেই ছবির নম্বর (কোড নম্বর) শীটের সাথে যুক্ত করতে হবে।

হারবেরিয়াম শীটের সাথে সংযুক্ত নোট, লেবেল অথবা অন্য কোন কিছু অপসারণ, পরিবর্তন বা অস্পষ্টকরণ করা যাবে না। হারবেরিয়াম শীটের উপর সরাসরি কোন ধরনের লেখা উচিত নহে, তবে একাধিক প্রজাতির মিশ্রণ থাকলে উপকরণ আলাদা করার ক্ষেত্রে পেন্সিলের দাগ দেয়া যাবে।

ধার নেয়া প্রতিষ্ঠান হতে হারবেরিয়াম শীট অন্যত্র স্থানান্তর করা যাবে না। তবে হারবেরিয়ামের পূর্বানুমতি সাপেক্ষে অন্য কোন উদ্ভিদ গবেষণা প্রতিষ্ঠানে নমুনা প্রেরণ করা যাবে।

ধারকৃত হারবেরিয়াম শীট ফেরত পাঠানোর সময় যত্ন সহকারে (হারবেরিয়াম কর্তৃক ধার প্রদান করার সময়ের মত) প্যাকেট করতে হবে। প্রতিটি শীট একটি ভাঁজ করা নিউজ পেপারের মধ্যে রাখতে হবে যাতে পরিবহনের সময়ে কোন অংশ আলাদা হয়ে গেলে তা আবার জোঁড়া লাগানো যায়। প্রতিটি বান্ডেল ভালভাবে প্যাকেট করে একটি কার্টুনে ঢুকিয়ে পাঠাতে হবে যাতে নমুনাগুলো পরিবহনের সময় নড়া চড়া না করে। বাংলাদেশ হতে বিদেশে ধার নেয়া হলে শীটগুলো আকাশ পথে পরিবহণ করতে হবে।

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের স্পেসিমেন সাইট (specimen site) করার ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোড নম্বর "DACB" ব্যবহার করতে হবে এবং হারবেরিয়াম শীটের অ্যাকসেশন নম্বর ব্যবহার করে স্পেসিমেন এর পরিচয় নিশ্চিত করতে হবে। ন্যাশনাল হারবেরিয়ামের নমুনা ব্যবহার করে কোন প্রকাশনা

বের করার ক্ষেত্রে হারবেরিয়ামকে যথাযথ ভাবে কৃতজ্ঞতা জ্ঞাপন করতে হবে এবং উক্ত প্রকাশনার একটি কপি হারবেরিয়ামকে প্রদান করলে ধন্যবাদের সাথে তা গ্রহণ করা হবে।

ন্যাশনাল হারবেরিয়াম হতে কোন উদ্ভিদ নমুনা ধার নেয়ার সময় নিম্নবর্ণিত তথ্যগুলো আবেদন পত্রের সাথে সন্নিবেশিত করে নির্মোক্ত ফরমটি পূরণ করতে হবে।

- (১) উদ্ভিদ নমুনা ধার নেয়ার কারণ/উদ্দেশ্য,
- (২) কত দিনের জন্য এবং কতগুলো নমুনার প্রয়োজন হবে ?
- (৩) ধার করা নমুনা কোন প্রক্রিয়ায় ব্যবহার করা হবে এবং উক্ত প্রক্রিয়ায় ব্যবহার করার পূর্ব অভিজ্ঞতা আছে কিনা ?
- (৪) হারবেরিয়াম শীট হতে কোন অংশ ব্যবহার/ অপসারণ করা হবে কিনা? হলে কি পরিমাণ ব্যবহার/ অপসারণ করা হবে ?

যেহেতু হারবেরিয়াম শীটে পোকাকার আক্রমণ প্রতিরোধের জন্য রাসায়নিক দ্রব্য ব্যবহার করা হয়েছে, সেহেতু উক্ত শীট যথাযথ সতর্কতার সাথে ব্যবহার করতে হবে।

.....

অনুগ্রহ করে নিচের ফরমটি পূরণপূর্বক তা স্বাক্ষর করে ফিরতি খামে হারবেরিয়ামে প্রেরণ করুন।

আমি হারবেরিয়াম শীট ধার নেয়ার জন্য বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের সকল শর্তের সাথে সজ্ঞানে একমত পোষণ করছি।

সূত্র নং-

স্বাক্ষর:

তারিখ:

ধার গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও ঠিকানা:

স্বাক্ষর:

তারিখ:

গবেষকের নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর:

বিস্তারিত তথ্যের জন্য হারবেরিয়ামের পরিচালক/কিউরেটরের সাথে যোগাযোগ করুন।